

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

সাকুলার পত্র নং-এফইপিডি(এফইএমও)/০১/২০০৫-৬৭৭

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪১২
১৩ সেপ্টেম্বর, ২০০৫

বাংলাদেশে কার্যরত বৈদেশিক মুদ্রায়
লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়গণ,

নোষ্ট্রো হিসাব সমন্বয়করন (রিকনসিলিয়েশন) পুসংগে।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ৭ অক্টোবর, ২০০৩ তারিখের ১৭ নং সাকুলারের মাধ্যমে জ্ঞাপিত “Managing Core Risks in Banking“ গাইডলাইনস এর foreign exchange risks বিষয়ক ১.৪ নং পরিচ্ছেদে বর্ণিত নোষ্ট্রো হিসাবে সমন্বয়ের বিষয়ে অনুসরণীয় নির্দেশাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ঐ পরিচ্ছেদের নির্দেশনা অনুযায়ী নোষ্ট্রো হিসাবগুলোর ত্রৈমাসিক comprehensive reviews (নোষ্ট্রো হিসাবে লেনদেন সম্পাদন ও অনুমোদনের সংগে সংশ্লেষ নেই এমন কর্মকর্তা দ্বারা সম্পাদিত) এখন থেকে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগে প্রেরণ করতে হবে; মার্চ, জুন, সেপ্টেম্বর, ডিসেম্বর অন্তর্গত ত্রৈমাসিক প্রতিবেদন এপ্রিল, জুলাই, অক্টোবর ও জানুয়ারী মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে পৌঁছাতে হবে। নোষ্ট্রো হিসাবে সমুদয় অসম্বিত ভুক্তির একটি পূর্ণাঙ্গ তালিকা এই review এর অন্তর্ভুক্ত থাকতে হবে, জুন ও ডিসেম্বরে সমাপ্ত ত্রৈমাসিকের প্রতিবেদনের সংগে এই তালিকার বিষয়ে বহিনিরীক্ষক প্রতিষ্ঠানের একটি প্রত্যয়নপত্রও (সংযোজনী-ক মোতাবেক) প্রেরণ করতে হবে।

০৩। নোষ্ট্রো হিসাবে তিন মাস বা তদুর্ধ্বকাল অসম্বিত থাকা ডেবিট ভুক্তিগুলোর জন্য অসম্বিত সময়কালের ভিত্তিতে ব্যাংকের চলতি ব্যয় খাত থেকে নিম্নবর্ণিত হারে প্রতি ত্রৈমাসিক অন্তে সংস্থান সংরক্ষন (provisioning) নিশ্চিত করতে হবে :

ক্রমিক নং	নোষ্ট্রো হিসাবে ডেবিট স্থিতির অসম্বিত থকার সময়কাল	রক্ষণীয় সংস্থান
১)	অনুর্ধ্ব ০৩ মাস	-
২)	০৩ মাসের উর্ধ্ব কিন্তু ০৬ মাসের কম	১০%
৩)	০৬ মাস বা তদুর্ধ্ব কিন্তু ০৯ মাসের কম	২০%
৪)	০৯ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১২ মাসের কম	৫০%
৫)	১২ মাস বা তদুর্ধ্ব	১০০%

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম নাসিরউদ্দিন)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৬৬৮।

Appendix-A

This is to certify that the quarterly review of nostro accounts for the quarter ended ----- reflects the true state of the nostro account entries as evidenced by the documents and books of accounts, and that the list attached to the review, includes and correctly records the status of all outstanding unmatched entries.

Date:	Signature of the Bank Official
	Name
[Official Seal]	Designation

Auditor's Certificate

This is to certify that the quarterly review referred to above comprehensively and correctly records the position of all unreconciled nostro account entries of the----- (name of the bank) as of quarter ended -----.

	Name	:
	Signature	:
	Address of the audit firm	:
	Registration No	:
[Official Seal]	Date	: